

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৭৫

১/ বিবিধ

আরবী

يجيء بلال يوم القيامة على راحلة رحلها ذهب وزمامها در وياقوت، يتبعه المؤمنون حتى يدخلهم الجنة، حتى إنه ليدخل من أذن أربعين يوما يطلب بذلك وجه الله موضوع

أورده ابن الجوزي في "الموضوعات" (2 / 90) من طريق الدارقطني عن أبي الوليد المخزومي: حدثنا عبيد الله بن عمر عن نافع عن ابن عمر مرفوعا. وقال: " قال الدارقطني: تفرد به أبو الوليد خالد بن إسماعيل قال ابن عدي: كان يضع الحديث على الثقات". وأقره السيوطي في "اللآليء" (2 / 13). قلت: ومن طريقه رواه ابن عساكر (3 / 232 / 1) مختصرا ومطولا

বাংলা

৭৭৫। কিয়ামতের দিন বিলাল একটি আরোহীর উপর আরোহণ করে আসবে। যার গদী হবে স্বর্গের আর লাগাম হবে মতি ও ইয়াকুতের। মুয়াযযিনরা তার অনুসরণ করবে শেষ পর্যন্ত তাদেরকে জান্নাতে প্রবেশ করিয়ে দিবে। এমন কি যে ব্যক্তি চল্লিশ দিন আযান দিবে এর দ্বারা আল্লাহর রেযামান্দী অর্জনের উদ্দেশ্যে তাকেও জান্নাতে প্রবেশ করিয়ে দিবে।

হাদীছটি জাল।

এটি ইবনুল জাওয়ী “আল-মাওয়’আত” (২/৯) গ্রন্থে দারাকুতনীর সূত্রে আবুল ওয়ালীদ মাখযুমী হতে তিনি ওবায়দুল্লাহ ইবনু উমার হতে তিনি নাফে’ হতে তিনি ইবনু উমার (রাঃ) হতে মারফু’ হিসাবে বর্ণনা করেছেন। ইবনুল জাওয়ী বলেন, দারাকুতনী বলেছেনঃ আবুল ওয়ালীদ খালেদ ইবনু ইসমাঈল এককভাবে হাদীছটি বর্ণনা

করেছেন। ইবনু আদী বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উপর হাদীছ জাল করতেন। সুযুতী “আল-লাআলী” (২/১৩) গ্রন্থে তা সমর্থন করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তার সূত্রেই ইবনু আসাকির (৩/২৩২/১) সংক্ষেপে এবং দীর্ঘ হাদীছে বর্ণনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71654>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন